বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

প্রজেক্ট ক্রেডিট বিভাগ

ফোন : ৯৫৫৭৯৮৮
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১-৩৫
(এক্সটেনশন-৩৪৪)
E-mail : dgmpid@krishibank.org.bd

নং- বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৩৮)/২০১৭-১৮/ ২০৭ তারিখ ঃ ০৫/০৯/২০১৭

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% রেয়াতি সুদের হারে ঋণ প্রদানের লক্ষ্যে পুনঃঅর্থায়ন কর্মসূচী (Refinance Scheme) পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার কৃষি ঋণ বিভাগ এর ২৪/০৮/২০১৭ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০২ এর মাধ্যমে ৫% হার সুদে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা দেয়া হয় ঃ

(১) ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখের মধ্যে অবিতরণকৃত সমুদয় অর্থ গ্রাহক পর্যায়ে বিতরণ করতে হবে;

(২) ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ গ্রাহক পর্যায়ে ৩০ মাস মেয়াদে ঋণ বিতরণ করতে পারবে;

(৩) বাংলাদেশ ব্যাংক থেকে পুনঃঅর্থায়ন সুবিধা একই (২নং অনুচ্ছেদে বর্ণিত) মেয়াদে প্রযোজ্য হবে।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা মোতাবেক আপনাদের বিভাগাধীন অঞ্চলসমূহে ৫% রেয়াতি সুদ হারে ঋণ প্রদানের লক্ষ্যে ইতিপূর্বে বরাদ্দকৃত বাজেটের অবিতরণকৃত অর্থ আগামী ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট পরিপত্রের/পত্রের শর্তাবলী পরিপালনপূর্বক ১০০% বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য যে, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার কৃষি ঋণ বিভাগ এর ২৪/০৮/২০১৭ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০২ এর নির্দেশনা মোতাবেক **আলোচ্য খাতে এখন থেকে গ্রাহক পর্যায়ে ঋণ গ্রহীতাকে অনধিক ১৪ মাস গ্রেস পিরিয়ডসহ ৩৬-৫৪ মাসের মধ্যে ঋণের মেয়াদকালের পরিবর্তে শুধুমাত্র ৩০ মাস মেয়াদে ঋণ বিতরণ করতে হবে।** এছাড়া অত্র ব্যাংকের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০২/২০১৫ এবং ১৫/২০১৬ তারিখ যথাক্রমে ৩০/০৯/২০১৫ ও ০৬/০৯/২০১৬ এর অন্যান্য নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৫/০৯/১৭
(মনির উদ্দিন)
উপমহাব্যবস্থাপক

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৩। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।